গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
সংস্থাপন শাখা
www.bjri.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর-১২.২৩.০০০০.০০৪.১১.০০৯.২৪.২৬০

তারিখ- ০৬।৮।২০২৫

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়সসীমা (০৯-০৯-২০২৫ তারিখে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (স্থায়ী) ৫০০০০-৭১২০০/- (গ্রেড-৪) | ২টি | সর্বনিম্ন ৩৯ বৎসর | সংশ্লিষ্ট বিষয়ে পি,এইচ,ডি-সহ ৭ বৎসরের বাস্তব অভিজ্ঞতা অথবা বিএসসি (কৃষি)/(টেক)/এম, এস,/এম, এস, এস, সি,সহ সংশ্লিষ্ট কাজে অবদানসহ ১০ বৎসরের অভিজ্ঞতা। ৮টি প্রকাশিত মৌলিক গবেষণা প্রবন্ধ থাকা বাঞ্ছনীয়। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা অগ্রাধিকারযোগ্য। |
| ২ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (স্থায়ী) ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ৬টি | সর্বনিম্ন ৩৫ বৎসর | সংশ্লিষ্ট বিষয়ে পি, এইচ, ডি-সহ ২ বৎসরের অভিজ্ঞতা, অথবা বিএসসি (কৃষি)/ বিএসসি (টেক) /এম,এস,/ এম, এস, সি,-সহ ৫ বৎসরের অভিজ্ঞতা। ৩টি মৌলিক গবেষণা প্রবন্ধের প্রকাশনা অগ্রাধিকারযোগ্য। |
| ৩ | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (অস্থায়ী) ৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ১টি | সর্বনিম্ন ৩৫ বৎসর | সংশ্লিষ্ট বিষয়ে পি, এইচ, ডি-সহ ২ বৎসরের অভিজ্ঞতা, অথবা বিএসসি (কৃষি)/ বিএসসি (টেক) /এম,এস,/ এম, এস, সি,-সহ ৫ বৎসরের অভিজ্ঞতা। ৩টি মৌলিক গবেষণা প্রবন্ধের প্রকাশনা অগ্রাধিকারযোগ্য। |

**নিয়োগের শর্তাবলিঃ**

১। গত ০৯-০৫-২০২৪ তারিখে দৈনিক জনকণ্ঠ এবং The Daily Observer পত্রিকায় প্রকাশিত ০৭ মে, ২০২৪ তারিখের ১২.২৩.০০০০.০০৪.১১.০০৯.২৪.৩৫২২ সংখ্যক স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদেরকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে কোন প্রার্থী ইতোপূর্বে প্রেরিত আবেদনের সাথে কোন তথ্য সংযোজন করতে চাইলে তাকে নির্দিষ্ট সময়ের মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে।

২। আবেদনকারীগণকে আগামী ১০-০৮-২০২৫ হতে ০৯-০৯-২০২৫ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭ বরাবর পৌঁছাতে হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। চাকুরিরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দায়মুক্তিসহ অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে।

৪। আবেদনকারীগণকে National Agricultural Research System (NARS) নীতিমালা/মানদন্ড অনুযায়ী মূল্যায়ন করা হবে। সে প্রেক্ষিতে নির্দিষ্ট মূল্যায়ন ফরম ০৪ (চার) প্রস্থ (সংযোজনীসহ) আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। নির্দিষ্ট মূল্যায়ন ফরম বিজেআরআই এর ওয়েবসাইট (www.bjri.gov.bd), এবং বিএআরসি এর ওয়েবসাইট (www.barc.gov.bd) হতে Download করে সংগ্রহ করা যাবে। এছাড়া বিজেআরআই এর সংস্থাপন শাখা হতেও সরাসরি মূল্যায়ন ফরম সংগ্রহ করা যাবে।

৫। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।
(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, নাগরিকত্ব, চারিত্রিক ও সকল প্রকার প্রশিক্ষণের সনদ এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙ্গিন ছবি;
(খ) জাতীয় পরিচয়পত্র ও প্রবেশ পত্র;
(গ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;
(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ (জেলা প্রশাসক) কর্তৃক প্রদত্ত সনদ; এবং
(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ (সমাজসেবা অধিদপ্তর) কর্তৃক প্রদত্ত সনদ।

৬। আবেদনকারীগণকে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে। তবে সকল গ্রেডে অনগ্রসর নাগরিকদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

৭। আবেদনপত্রের খামের উপর পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। প্রাপ্ত সকল আবেদনপত্র যাচাই-বাছাই এর পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের অনুকূলে মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র প্রেরণ করা হবে। আবেদনকারীগণকে মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৯। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানের কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১০। আবেদনকারী যদি কোন তথ্য গোপন করেন অথবা মিথ্যা তথ্য প্রদান করেন এবং পরবর্তীতে তা সনাক্ত হলে তার নিয়োগ বাতিলকরতঃ আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের সকল ক্ষমতা সংরক্ষণ করবেন।

৬.৮.২৫

(ড. মোঃ খয়ৈরউদ্দিন সরকার)
পরিচালক (প্রশাসন ও অর্থ)